



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
সদর, ময়মনসিংহ



স্মারক নং- ৩০৭ (৬৫)

তারিখ- ২২/০২/২০২১

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০২০-২১ অর্থ বছরে বোরো মৌসুমে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের জন্য কম্বাইন হারভেস্টার, রিশার ও রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্র সরবরাহের লক্ষ্যে অত্র সদর, ময়মনসিংহ উপজেলার অগ্রাধী কৃষক/কৃষক গ্রুপ/কৃষি যন্ত্র সেবা প্রদানকারীদের নিকট থেকে উন্নয়ন সহায়তার আওতাধীন কৃষি যন্ত্রের নাম উল্লেখপূর্বক নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনপত্র উপজেলা কৃষি অফিস হতে সংগ্রহ করা যাবে। অগ্রাধী কৃষক/কৃষক গ্রুপ/ কৃষি যন্ত্র সেবা প্রদানকারীদের অগামী ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা কৃষি অফিসে আবেদনপত্র (এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, কৃষি কার্ডের সত্যায়িত কপি/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি) জমা দিতে হবে। জমাকৃত আবেদনপত্র সমূহ উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি যাচাই বাছাই শেষে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উন্নয়ন সহায়তা ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করবেন এবং চূড়ান্ত অনুমোদনের পর যন্ত্র বিতরণ করা হবে।

২২.০২.২০২১

(আবমিনা ইয়াসমিন)

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

সদর, ময়মনসিংহ

২২/০২/২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ময়মনসিংহ
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
- ০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।
- ০৫। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।
- ০৬। উপজেলা ----- অফিসার, সদর, ময়মনসিংহ।
- ০৭। চেয়ারম্যান, ----- ইউপি (সকল) সদর, ময়মনসিংহ।
- ০৮। উপ-সহকারী কৃষি অফিসার, ----- ক, সদর, ময়মনসিংহ।
- ০৯। সভাপতি, প্রেসক্লাব, ময়মনসিংহ।
- ১০। জনাব জাহাঙ্গীর আহমেদ (কৃষক প্রতিনিধি), সদর, ময়মনসিংহ।
- ১১। অফিস নথি।